

১. 'Ethics' শব্দটির বাংলা প্রতিশব্দ কী?

'Ethics' শব্দটির বাংলা প্রতিশব্দ হল 'নীতিবিদ্যা'।

২. 'Ethics' শব্দটির উৎস কি?

'Ethics' শব্দটি গ্রীক শব্দ 'Ethica' বা 'Ethos' থেকে এসেছে। 'Ethics' শব্দটির অর্থ হল রীতিনীতি বা প্রথা বা অভ্যাস।

৩. নীতিবিজ্ঞান কি বস্তুনিষ্ঠ বিজ্ঞান?

না, নীতিবিজ্ঞান বস্তুনিষ্ঠ বিজ্ঞান নয়। আদর্শনিষ্ঠ বিজ্ঞান।

৪. নৈতিক বিচারের স্বীকার্য সত্য কয়টি ও কি কি?

সাধারণভাবে নীতিবিদ্যায় তিনটি স্বীকার্য সত্য স্বীকার করা হয়। সেগুলি হল- (১) ব্যক্তির বা ব্যক্তির অভিন্নতা (২) বুদ্ধি বা বিচারশক্তি ও (৩) ইচ্ছার স্বাধীনতা।

৫. নৈতিক ক্রিয়ার কয়টি স্তর আছে এবং কি কি?

নৈতিক ক্রিয়ার তিনটি স্তর আছে- (১) মানসিক স্তর (২) দৈহিক স্তর ও (৩) বাহ্যস্তর বা জাগতিক স্তর বা ফলাফলের স্তর।

৬. নৈতিক ক্রিয়া ও অ-নৈতিক ক্রিয়ার মধ্যে পার্থক্য কি?

যে ক্রিয়া বা আচরণের নৈতিক মূল্য থাকে সেই ক্রিয়া বা আচরণকে নৈতিক ক্রিয়া বলা হয়। নৈতিক ক্রিয়া যদি নীতি সম্মত হয় তাহলে সেই নৈতিক ক্রিয়াকে নীতিসম্মত নৈতিক ক্রিয়া বলা হয় আর যদি নীতিসম্মত না হয়, তাহলে সেই ক্রিয়াকে নীতিগর্হিত বা অনৈতিক ক্রিয়া বলা হয়। অপরদিকে যে ক্রিয়ার কোন নৈতিক মূল্য থাকে না সেই ক্রিয়াকে অ-নৈতিক ক্রিয়া

৭. সুখবাদ বলতে কি বোঝ?

যে মতবাদে বলা হয় সুখই জীবনের পরমার্থ, সেই মতবাদকে বলা হয় সুখবাদ।

৮. দুইজন মনস্তাত্ত্বিক সুখবাদীর নাম উল্লেখ কর।

হিউম্ হবস্, বেস্থাম, মিল হলেন মনস্তাত্ত্বিক সুখবাদের সমর্থক।

৯. 'মানুষ মূলত ইন্দ্রিয় পরায়ণ জীব'-বক্তব্যটি কাদের?

মনস্তাত্ত্বিক সুখবাদীদের মতে, মানুষ মূলত ইন্দ্রিয় পরায়ণ জীব।

১০. মনস্তাত্ত্বিক সুখবাদ বলতে কি বোঝ ?

অনেক দার্শনিক মনে করেন যে সুখ আমাদের স্বাভাবিক কামনার বস্তু। বাস্তবত সুখের কামনায় আমরা কর্ম করে থাকি। এই মতবাদকে বলা হয় মনস্তাত্ত্বিক মতবাদ।

১১. নৈতিক সুখবাদ কাকে বলে?

অনেক নীতিবিদ মনে করেন যে স্বভাব বশত সুখের কামনায় কর্ম করি না তবে আমাদের সুখের কামনায় কর্ম করা উচিত। এই মতবাদকে বলা হয় নৈতিক সুখবাদ।

১২. মনস্তাত্ত্বিক সুখবাদ ও নৈতিক সুখবাদের মধ্যে পার্থক্য কর।

উঃ সুখবাদের দুটি রূপ লক্ষ্য করা যায়। মনস্তাত্ত্বিক সুখবাদ ও নৈতিক সুখবাদ। মনের গঠন এমন যে আমরা সুখের অন্বেষণ করে থাকি। অপরদিকে নৈতিক সুখবাদে বলা হয়েছে আমাদের উচিত সুখের অন্বেষণ করা।

১৩. মিল ও বেস্থামের নৈতিক মতবাদের মধ্যে পার্থক্য লেখ।

মিল ও বেস্থাম উভয়েই পরমসুখবাদ বা উপযোগবাদী হলেও বেস্থাম যেখানে সুখের কেবল পরিমাণগত ভেদ স্বীকার করেছেন সেখানে মিল পরিমাণগত ও গুণগত উভয় ভেদ স্বীকার করেন। বেস্থাম কেবল দৈহিক সুখের কথা বলেছেন সেখানে মিল মানসিক সুখের কথা বলেছেন। এছাড়াও তিনি বাহ্য নিয়ন্ত্রণ ও অন্তরের নিয়ন্ত্রণ বা বিবেকের নিয়ন্ত্রণের কথা বলেছেন। তাই তিনি সুখের থেকে শান্তির কথা বলেছেন যেখানে বেস্থাম কেবল সুখের কথাই বলেছেন।

১৪. উপযোগবাদের মূল বক্তব্য কী ?

উপযোগবাদে বলা হয় যে কাজে সর্বাধিক সংখ্যক ব্যক্তির সর্বাধিক পরিমাণ কল্যাণ সাধিত হয়, সেই কাজকে বলা হয় ভাল বা ন্যায় কাজ। উপযোগবাদে বলা হয়, যথোচিত, অনুচিত, অকল্যাণ, বাধ্য বাধকতা প্রভৃতির একমাত্র নির্ধারক হল উপযোগ নীতি।

১৫. কর্ম-উপযোগবাদ বলতে কী বোঝ ?

যে উপযোগবাদে বলা হয় কোন বিশেষ কাজ যে ঠিক বা উচিত কাজ তা সরাসরি তার উপযোগিতা অনুসারে নির্ধারণ করতে হবে। সেই উপযোগবাদকে বলা হয় কর্ম উপযোগবাদ। এই মতবাদ অনুযায়ী কোন বিশেষ কাজ বিশেষ পরিস্থিতিতে জগতে অকল্যাণ অপেক্ষা বেশী কল্যাণ সাধন করতে পারলে সেই কাজ হবে উচিত কাজ।

১৬. সামাজিক চুক্তি মতবাদের প্রবক্তা কে ?

রুশো।

১৭. শাস্তি সংক্রান্ত প্রতিরোধাত্মক মতবাদ কী ?

যে মতবাদ অনুসারে বলা হয় সমাজ বা রাষ্ট্রের অপরাধ প্রবণ ব্যক্তিকে অপরাধ থেকে বিরতি রাখার উদ্দেশ্যকেই অপরাধীকে শাস্তি দেওয়া হয়, সেই মতবাদকে প্রতিরোধাত্মক মতবাদ বলা হয়।

১৮. "চোখের বদলে চোখ", দাঁতের বদলে দাঁত"- কোন মতবাদের মূল কথা ?

প্রতিশোধাত্মক মতবাদ।